

তারিখ:
স্বাক্ষর:

সন্ত্রাসী প্রেমিকের রেখে যাওয়া পিস্তল গুলিসহ স্কুলছাত্রী প্রেমিকা খেণ্ডার

নবাবগঞ্জ (ঢাকা) প্রতিনিধি : চিহ্নিত এক সন্ত্রাসীর প্রেমের ফসলে পরে অস্ত্র ও গুলিসহ খেণ্ডার হয়েছে স্কুলছাত্রী প্রেমিকা। গতকাল রোববার নবাবগঞ্জ উপজেলার গোপালগোবিন্দপুরে সেনাবিহঙ্গাস বালিকা উচ্চ বিদ্যালয় থেকে একটি রিভলবার ও ৬ রাউন্ড গুলিসহ দশম শ্রেণীর ছাত্রী রীনা সাহাকে খেণ্ডার করা হয়েছে।

জানা যায়, খ্রিস্টান মিশনারিদের এই স্কুলের ছাত্রী রীনা সাহা (১৬) স্কুলে যাওয়ার পথে তার প্রেমিক স্বপন কুমার সরকার সাদা কাগজে মোড়ানো একটি প্যাকেট তার স্কুল ব্যাগের মধ্যে রাখতে বলে। স্কুলে পৌঁছে সে প্যাকেটটি খুলে দেখে একটি রিভলবার ও ৬ রাউন্ড গুলি ভাঙে রাখা আছে। আতঙ্কিত রীনা সাহা ছুটে গিয়ে স্কুলের প্রধান শিক্ষিকার কাছে অস্ত্র ও গুলি জমা দিলে প্রধান শিক্ষিকা এলাকার গণ্যমান্য লোকদেরকে ঘটনাটি অবহিত করেন। তারা তার ব্যাগ উদ্ধার

করে আরো কিছু কাগজপত্র পান। এর মধ্যে একটি এফিডেভিটে রীনা ও স্বপনের ছবি সংবলিত বিবাহের হলফনামা ছিল। এ পর্যায়ে প্রধান শিক্ষিকা মেয়েটির অভিভাবক এবং থানা পুলিশকে সংবাদ দেন। খবর পেয়ে নবাবগঞ্জ থানার ওসি নাসির উদ্দিন আহমেদ চৌধুরী ও পিএলআই দেলোয়ার হোসেনের নেতৃত্বে ৮/১০ জন পুলিশ ঘটনাস্থলে উপস্থিত হয়ে বিস্তারিত ঘটনা জানার পর মেয়েটিকে অস্ত্রসহ খেণ্ডার করে।

উল্লেখ্য, গত ৩ মার্চ স্বপন কুমার সরকার (পিতা-রাধেশ্বাম সরকার, গ্রাম-বাগমারা) রীনাকে ভয় দেখিয়ে অভিভাবককে না জানিয়ে ননজুভিশিয়াল স্ট্যাম্প স্বাক্ষর এবং তার ছবি নিয়ে কোর্টের মাধ্যমে বিয়ে করে। এ ঘটনায় এলাকায় চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে।

মেয়েটিকে জিজ্ঞাসাবাদ করার পর পুলিশ স্বপন কুমার সম্পর্কে কিছু গোপন তথ্য পেয়েছে। পুলিশ এখন স্বপনকে খুঁজে বেড়াচ্ছে। পুলিশ বলেছে, স্বপন ছাত্রশীল নামধারী একজন চিহ্নিত সন্ত্রাসী। এ ঘটনায় মেয়েটির পরিবারের পোকজন অসহায় হয়ে পড়েছে। মহান্যায় আভুত হুড়িয়ে পড়েছে।

এ ব্যাপারে নবাবগঞ্জ থানায় অস্ত্র আইনে একটি মামলা হয়েছে।